

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

যুদ্ধবন্দী হত্যা (১ الأسار)

অতঃপর রাসূল (ছাঃ) বদর থেকে রওয়ানা দিয়ে 'ছাফরা' (الصَّفْرَاء) গিরি সংকট অতিক্রম করে একটি টিলার উপরে গিয়ে বিশ্রাম করেন এবং সেখানে বসে গণীমতের সমস্ত মালের এক পঞ্চমাংশ বের করে নিয়ে বাকী মাল সৈন্যদের মধ্যে সমভাবে বণ্টন করে দেন।[1] এর পূর্বে ছাফরা গিরিসংকটে কুরায়েশ বাহিনীর পতাকাবাহী দুষ্টমতি নযর বিন হারিছকে রাসূল (ছাঃ)-এর আদেশক্রমে হযরত আলী (রাঃ) হত্যা করেন। এই শয়তান ইরাকের 'হীরা' থেকে নাচগানে পারদর্শী সুন্দরী নর্তকীদের খরীদ করে এনে মক্কাবাসীদের বিভ্রান্ত করত। যাতে কেউ রাসূল (ছাঃ)-এর কথা না শোনে ও কুরআন না শোনে। এরপর 'ইরকুয যাবিয়াহ'(عِرْقُ الطَّبْيَةِ) নামক স্থানে পোঁছে আরেক শয়তানের শিখন্ডী উক্কবা বিন আবু মু'আইত্বকে হত্যার নির্দেশ দেন'।[2] যে ব্যক্তি রাসূল (ছাঃ)-কে কা'বাগ্হে ছালাতরত অবস্থায় গলায় চাদর পোঁচিয়ে এবং পরে মাথায় উটের ভুঁড়ি চাপিয়ে হত্যার চেষ্টা করেছিল (বুখারী, ফাংহুল বারী হা/৬৩৭৮, ৫২০)। একে মারেন আছেম বিন ছাবিত আনছারী (রাঃ)। মতান্তরে হযরত আলী (রাঃ)। এই দু'জন ব্যক্তি বন্দীর মর্যাদা পাবার যোগ্য ছিল না। কেননা তারা ছিল আধুনিক পরিভাষায় শীর্য যুদ্ধাপরাধী (مِنْ أَكَابِر مُجْرِمِي الْحَرْبِ) 🗈

## ফুটনোট

- [1]. ইবনু হিশাম ১/৬৪৩; আহমাদ হা/২২৮১৪, হাসান লিগায়রিহী; আলবানী, ফিরুহুস সীরাহ ২৩৪ পৃঃ সনদ ছহীহ।
- [2]. ইবনু হিশাম **১**/৬৪৪; আল-বিদায়াহ ৩/৩০৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5419

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন